# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৯৭

৬. সদাচারণ ও ন্যায়নিষ্ঠতা সংশ্লিষ্ট কিতাব (كِتَابُ الْبِرِّ وَالْإِحْسَانِ)

পরিচ্ছেদঃ আল্লাহর সীমা পালনকারী ও তা লজ্ঘনকারীর বিবরণ

## ذِكْرُ الْإِخْبَارِ عَنْ وَصْفِ الْقَائِمِ فِي حُدُودِ اللَّهِ وَالْمُدَاهِنِ فِيهَا

আরবী

أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ حَدَّثَنَا جَرِيرُ بْنُ عَبْدِ الْحَمِيدِ عَنْ مُغِيرَةَ عَنِ الشَّعْبِيِّ قَالَ: سَمِعْتُ النُّعْمَانَ بْنَ بَشِيرٍ عَلَى مِنْبَرِنَا هَذَا يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم ـ ففرَّغتُ لَهُ سَمْعِي وَقَلْبِي وعَرَفْتُ أَنِّي لَنْ أَسْمَعَ أَحدًا عَلَى مِنْبَرِنَا هَذَا يَقُولُ: سَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وسلم يقول: (مَثَلُ الْقَائِمِ عَلَى حُدُودِ اللَّهِ وَالْمُدَاهِنُ فِي حُدُودِ اللَّهِ كَمَثَلِ قَوْمٍ كَانُوا فِي سَفِينَةٍ فَاقْتَرَعُوا مَنَازِلَهُمْ فَصَارَ مَهْرَاقُ الْمَاءِ وَمُخْتَلفُ الْقَوْمِ لِرَجُلٍ فَضجَرَ فَأَخَذَ القَدُوم ـ وَرُبَّمَا قَالَ الْفَأْسَ ـ فَقَالَ أَحَدُهُمْ لِلْآخَرِ: إِنَّ هَذَا يُرِيدُ أَنْ يُغرقنا وَيَخْرِقُ سَفِينَتَكُمْ وَقَالَ الْآخَرُ: دَعْهُ فَإِنَّمَا يَخْرِقُ مَكَانَهُ)

وَسَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (إِنَّ فِي الْجَسَدِ مُضْغَةً إِذَا صَلَحَتْ صَلَحَ لَهَا الْجَسَدُ وَإِذَا فَسَدَتْ فَسَدَ لَهَا الْجَسَدُ كُلُّهُ) وَسَمِعْتُ رَسُولَ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ يَقُولُ: (الْمُؤْمِنُونَ تَرَاحُمُهُمْ وَلُطْف بعضِهِم بِبَعْضٍ كَجَسَدِ رَجُلٍ وَاحِدٍ إِذَا اشْتَكَى بعضُ جَسَدِهِ أَلِمَ لَهُ سَائِرُ جَسَدِهِ.)

الراوي : النُّعْمَان بْن بَشِيرٍ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان

الصفحة أو الرقم: 297 | خلاصة حكم المحدث: صحيح.

বাংলা

২৯৭. ইমাম শা‘বী রহিমাহুল্লাহ বলেন, আমি আমাদের এই মিম্বারে নু‘মান বিন বাশীর রাদ্বিয়াল্লাহু আনহুকে বলতে

শুনেছি, তিনি বলেন, আমি আল্লাহর রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি। - আমি আমার কান ও অন্তরকে তা শোনার জন্য সম্পূর্ণরূপে মনোনিবেশ করলাম, আমি বুঝতে পারলাম যে, আমাদের এই মিম্বারে আমি আর কাউকেই কখনই বলতে শুনবো না যে, কেউ বলবে, “আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি।”- (রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেছেন: “আল্লাহর সীমা পালনকারী ও তা লঙ্ঘনকারীর দৃষ্টান্ত হলো ঐ লোকদের মতো যারা একটি জলযানে ছিল। অতঃপর তারা তাদের থাকার জায়গা নির্দিষ্ট করার জন্য লটারী করলো। অতঃপর এক ব্যক্তির ভাগে পানি সংগ্রহ করা ও মানুষ যাতায়াতের জায়গায় পড়ল। এতে সে ব্যক্তি রেগে গেলো এবং কুঠার হাতে নিলো। তখন এক ব্যক্তি অপর ব্যক্তিকে বললো: “এই ব্যক্তি জলযান ফেঁড়ে ফেলে আমাদের ডুবিয়ে দিতে চাচ্ছে।” আরেকজন বললো: “তাকে তার কাজে ছেড়ে দাও। কারণ সে তার জায়গাই ফেঁড়ে ফেলছে!”

আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে বলতে শুনেছি: “নিশ্চয়ই মানব শরীরে এক টুকরো মাংস রয়েছে, যখন তা সুস্থ থাকে, তখন পুরো দেহসত্তা সুস্থ থাকে, আর যখন তা নষ্ট হয়ে যায়, পুরো দেহসত্তা নষ্ট হয়ে যায়।”

আমি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামকে আরো বলতে শুনেছি: “মু'মিন ব্যক্তিগণ পারস্পরিক দয়া ও নম্রতার ক্ষেত্রে এক ব্যক্তির দেহের মতো; যখন তার কোন অঙ্গ রোগাক্রান্ত হয়, তখন তার পুরো দেহ ব্যথা অনুভব করে।”[1]

## ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ৪/২৭০, ২৭৪; সহীহ আল বুখারী: ২৪৯৩; তিরমিযী: ২১৭৩; সুনান বাইহাকী: ১০/৯১; বাগাবী, শারহুস সুন্নাহ: ৪১৫১; আত তায়ালিসী: ৭৮৮; সহীহ মুসলিম: ১৫৯৯; ইবনু মাজাহ: ৩৯৮৪; দারেমী: ২/২৪৫।

হাদীসটিকে আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসির উদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (আস সহীহাহ: ৬৯।)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ শা'বী (রহঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=88596

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন